দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 1 2 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

545

## ৭ মার্চ ছাত্রী লাঞ্ছনার প্রতিবাদে

## শিক্ষক সমিতির কাছে

# ছাত্রদলের স্মারকলিপি পেশ

**স্টাফ রিপোর্টার ঃ** গত ৭ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদলের মিছিলে পুলিশ ও মুজিববাদী ছাত্র লীগের হামলা, নির্যাতন, ছাত্রীদের ওড়না টেনে শ্লীলতাহানি ও শারীরিকভাবে লাঞ্ছিত করা এবং ভিসি'র ন্যক্কারজনক পক্ষপাতপূর্ণ ভূমিকার প্রতিবাদে ছাত্রদল গতকাল সকালে কলাভবন এলাকায় সমাবেশ ও বিক্ষোভ মিছিল করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কাছে একটি স্মারকলিপি পেশ করেছে।

শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদকের কাছে পেশ করা স্মারকলিপিতে বলা হয়, প্রধানমন্ত্রী ও ভিসি'র নির্দেশেই সরকার দলীয় ছাত্র সংগঠন মুজিববাদী ছাত্র লীগের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতির নেতৃত্বে ছাত্রদলের নিয়মতান্ত্রিক মিছিলে ন্যক্কারজনক হামলা চালানো হয় এবং ছাত্রীদের ওড়না টেনে ও শরীরে উদ্দেশ্যপূর্ণভাবে হাত দিয়ে লাঞ্ছিত করা হয়। ছাত্রদল নেতৃবৃন্দ জাতির বিবেক বিশ্ববিদ্যালয় শিক্ষক প্রতিনিধিদের কাছে এ ঘটনার সুষ্ঠু তদন্তপূর্বক অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেন এবং বর্তমান ভিসি'র পক্ষপাতদুষ্ট ভূমিকার সমালোচনা করেন।

স্মারকলিপি পেশের পূর্বে অনুষ্ঠিত সমাবেশে সদ্য কারামুক্ত ছাত্রদল সম্পাদক নাসিরউদ্দিন পিন্টু বলেন, ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ধর্ষণকারীদের বিচার চেয়ে পায়নি। হল দখলের প্রতিবাদ জানিয়েও কোন লাভ হয়নি। এই পবিত্র শিক্ষাঙ্গনে গত ৭ মার্চ ছাত্র লীগ ঢাঃ বিঃ সভাপতি সাজ্জাদ ও দিগম্বর আলমরা আমাদের ছাত্রীবোনদের শারীরিকভাবে লাঞ্ছিত করেছে, ওড়না কেড়ে নিয়েছে। কিন্তু এরও প্রতিবাদ জানিয়ে, বিচার চেয়ে লাভ হয়নি বলে ভিসি'র কার্যালয়ে গণথুথু নিক্ষেপ করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে কলাভবন চত্বরে অনুষ্ঠিত সমাবেশে আরো বক্তব্য রাখেন মঞ্জুর-ই-এলাহী, আ ক ম মোজাম্মেল হক, মুন্সী বজলুল বাসিত আঞ্জু, এ বি এম মোশাররফ হোসেন প্রমুখ।